




স্মারক নং : ০৫.৪৬.৫৮৬৫.০০১.০২.০১৪.২০.৩২০

তারিখ: ০৮.০৩.২০২১ খ্রি.

## ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহবান বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতিত) শীর্ষক কর্মসূচির আওতায় কুলাউড়া উপজেলার প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ছাত্র-ছাত্রীদের ২০২০-২০২১ অর্থবছরের জন্য শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত আগামী ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। দরখাস্তের নির্ধারিত ফরম অত্রাফিস, ইউনিয়ন পরিষদ ও ওয়েব পোর্টালে পাওয়া যাবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহায়তায় ব্যাংক এশিয়ার মাধ্যমে বিনামূল্যে আবেদনকারীর মাতা, মাতা না থাকলে পিতার নামে ব্যাংক হিসাব খোলে আবেদনের নির্ধারিত স্থানে হিসাব নম্বর উল্লেখ করতে হবে। আবেদনকারীকে অবশ্যই গেজেটভুক্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে হবে।

  
০৮-০৩-২০২১  
(এ টি এম ফরহাদ চৌধুরী)  
উপজেলা নির্বাহী অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার।


ফোন নং-০৮৬২৪-৫৬০৮০

ই-মেইল: [unokulaura@mopa.gov.bd](mailto:unokulaura@mopa.gov.bd)

স্মারক নং : ০৫.৪৬.৫৮৬৫.০০১.০২.০১৪.২০.৩২০

তারিখ: ০৮.০৩.২০২১ খ্রি

- ১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার
- ৩। উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার
- ৪। উপজেলা . . . . . কর্মকর্তা (সকল), কুলাউড়া
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার . . . . . কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুলাউড়া
- ৬। চেয়ারম্যান, . . . . . ইউনিয়ন পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার
- ৭। ব্যবস্থাপক, ব্যাংক এশিয়া, কুলাউড়া
- ৮। উদ্যোক্তা, ডিজিটাল সেন্টার, . . . . . ইউনিয়ন পরিষদ, কুলাউড়া
- ৯। . . . . .

  
০৮-০৩-২০২১  
(এ টি এম ফরহাদ চৌধুরী)  
উপজেলা নির্বাহী অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার

শিক্ষাবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম  
২০২০-২০২১ অর্থ বছরে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি সহায়তা প্রাপ্তির জন্য আবেদন ফরম  
(শুধুমাত্র কুলাউড়া উপজেলার স্থায়ী বাসিন্দাদের জন্য)

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার  
কুলাউড়া, মৌলভীবাজার

মহোদয়

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার -----  
ইউনিয়নের একজন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভূক্ত স্থায়ী বাসিন্দা (ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ  
সংযুক্ত)। আমি দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রী। আমার পারিবারিক অস্বচ্ছলতার কারণে লেখাপড়া সুচারুরূপে সম্পাদন করতে পারছি  
না। নিম্নে আমার বিস্তারিত তথ্যাদি পেশ করলাম।

১। ছাত্র/ছাত্রীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। বর্তমান ঠিকানা : গ্রাম : ডাক : উপজেলা : জেলা :

টেলিফোন/মোবাইল নম্বর:

৫। স্থায়ী ঠিকানা : গ্রাম :-----ডাক :-----উপজেলা :-----

জেলা :.....

৬। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম :..... শ্রেণী/বর্ষ :.....

৭। আর্থিক সাহায্য গ্রহণের উদ্দেশ্যে:

৮। অধ্যয়নের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের গরীব/ মেধাবী সংক্রান্ত প্রত্যয়ন ও সুপারিশ:

৯। মাতা/পিতার ব্যাংক হিসাব নং ..... ব্যাংকের নাম ও শাখার নাম :.....,

অতএব, বিনীত প্রার্থনা যে, আমার দাখিলকৃত তথ্যাদি বিবেচনায় আমাকে ক্ষুদ্র-নৃগোষ্ঠীর শিক্ষাবৃত্তির অর্থ হতে আর্থিক অনুদান  
প্রদানে মহোদয়ের সদয় মর্জি হয়।

আবেদনকারীর মাতা/পিতার পূর্ণ নাম: .....

স্বাক্ষর: .....

.....

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

.....  
স্বাক্ষর ও সীল  
প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান

শর্তাবলী : আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্রের সত্যায়িত কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

১। সর্বশেষ বার্ষিক/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের সমাপনী পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ছায়াছবি।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ।

৩। পাসপোর্ট সাইজ ০১(এক) কপি সত্যায়িত ছবি।